

PRINT

সমকাল

ছাত্র রাজনীতি নয় সন্ত্রাস বন্ধের দাবি ভিপি নুরের

১৩ ঘণ্টা আগে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক



ছাত্র রাজনীতি নয় বরং এর নামে সন্ত্রাসী কার্যক্রম বন্ধের দাবি জানিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) ভিপি নুরুল হক নুর। গতকাল শনিবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ দাবি জানান। এ সময় ৫ দফা দাবি জানান ভিপি নুর। তিনি বলেন, বুয়েটের শিক্ষার্থীরা শুধু সাংগঠনিক ছাত্র রাজনীতি নিষিদ্ধ করার দাবি জানিয়েছেন। তারা আসলে সন্ত্রাসী ছাত্র সংগঠনের রাজনীতি বন্ধের দাবি তুলেছেন। আবরার ফাহাদকে কোন সংগঠনের নেতাকর্মীরা হত্যা করেছে, সবাই ভালোভাবেই অবগত আছেন। ছাত্র রাজনীতি সব দেশেই আছে, সব প্রতিষ্ঠানেই ছিল, আছে ও থাকবে। সুস্থধারার মেধাভিত্তিক ছাত্র নেতৃত্ব সৃষ্টির জন্য সব কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদ নির্বাচন চালু করতে হবে।

নুরের ৫ দফা দাবি হলো- আবরার হত্যাকাণ্ডসহ সকল ছাত্রহত্যার বিচার দ্রুতবিচার ট্রাইব্যুনালের মাধ্যমে সম্পাদন; নিরাপদ ও গণতান্ত্রিক ক্যাম্পাস বিনির্মাণে হলে হলে গণরুম, গেস্টরুম ও ছাত্র সংগঠনের দখলদারিত্ব বন্ধ করে প্রশাসনের মাধ্যমে প্রথম বর্ষ থেকে সিট বন্টনের ব্যবস্থা করা; সকল বিশ্ববিদ্যালয় ও কলেজে ছাত্র সংসদ নির্বাচন; ভারতের সঙ্গে করা স্বার্থবিরোধী সকল চুক্তি অনতিবিলম্বে বাতিল এবং শিক্ষার্থীবান্ধব প্রশাসন নিশ্চিতকরণে উপাচার্যসহ সকল গুরুত্বপূর্ণ পদে দলনিরপেক্ষ ব্যক্তিদের নিয়োগ দিয়ে প্রশাসনকে রাজনৈতিক প্রভাবমুক্ত রাখা।

ডাকসু ভিপি বলেন, ১৯৭৪ থেকে ২০০৯ সাল পর্যন্ত বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে ১৫১টি হত্যাকাণ্ডের ঘটনা ঘটেছে। এগুলোর মধ্যে শুধু একটি ঘটনা ছাড়া কোনোটিতেই সুষ্ঠু বিচার হয়নি। বিচার না হওয়ার কারণেই বারবার এসব হত্যাকাণ্ড ঘটছে। বুয়েটের ছাত্র আবরার ফাহাদের হত্যাকাণ্ড সারাদেশের মানুষকে নাড়া দিয়েছে। আমরা চাই, এ ধরনের হত্যাকাণ্ড এবং শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে ক্ষমতাসীন দলের ছাত্র সংগঠনের দখলদারি, সন্ত্রাসী কার্যক্রম ও আধিপত্য বিস্তারের ধারা বন্ধ এবং শিক্ষাপ্রতিষ্ঠানে গণতান্ত্রিক পরিবেশ নিশ্চিত করা হোক। তিনি বলেন, দলীয় লেজুড়বৃত্তির কারণে ছাত্র রাজনীতির এ অবস্থান। তাছাড়া হল প্রশাসনের দায়িত্ব অবহেলার কারণেও স্বেচ্ছাচারিতা তৈরি হয়েছে।

সংবাদ সম্মেলনে বাংলাদেশ সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদের আহ্বায়ক হাসান আল মামুন, যুগ্ম-আহ্বায়ক রাশেদ খান, ফারুক হাসান, ডাকসুর সমাজসেবা সম্পাদক আখতার হোসেনসহ অন্য নেতারা উপস্থিত ছিলেন।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:

ad.samakalonline@outlook.com